



# ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

বাড়ী নং-৩, রোড নং-২৪, ব্লক-কে, বনানী মডেল টাউন, ঢাকা-১২১৩।

তারিখ: ৩০, ২০০৮ইং

স্মারক নং-ডেসকো/প্রশাসন/৩২/২০০৮/৮৫০৮


## দপ্তরাদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শীত মৌসুম শুরু হওয়ার সাথে সাথে সন্ধ্যার পর থেকে ডেসকো'র আওতাধীন এলাকায় কিশোর/যুবকদের ব্যাডমিন্টন খেলাতে দেখা যায়। অনেক ক্ষেত্রেই ডেসকোর এল.টি লাইন থেকে অবৈধ ভাবে হুকিং এর মাধ্যমে বিদ্যুৎ ব্যবহার পূর্বক বর্ণিত খেলা পরিচালনা করা হয়ে থাকে বিধায় প্রতি বছর শীত মৌসুমে ডেসকো আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

সংস্কার, বিদ্যুতের অবৈধ ব্যবহার পরিহারের লক্ষ্যে সকল বিক্রয় ও বিতরণ বিভাগের আওতায় অবস্থিত সামাজিক/সাংস্কৃতিক কেন্দ্রে গঠিত ক্লাব সমূহকে ব্যাডমিন্টন খেলায় বিদ্যুৎ ব্যবহারের জন্য আলাদা মিটারে (ডি ট্যারিফে) সংযোগ গ্রহণের জন্য উদ্বুদ্ধ করা হবে। তবে ক্লাব কর্তৃপক্ষ ক্লাব সংলগ্ন মাঠে খেলাধুলা করার জন্য ক্লাবে সংযোগকৃত মিটার থেকে বিদ্যুৎ ব্যবহার করতে পারেন।

সরোজ সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করার জন্য ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরের অনুমোদনক্রমে,

  
ম.এম. হাবিবুর রহমান  
সহ-মহাব্যবস্থাপক (প্রশাসন)।

স্মরণার্থে:

- ১) ব্যবস্থাপনা পরিচালক।
- ২) পরিচালক (কারিগরী)/(অর্থ)।
- ৩) সকল বিভাগ/দপ্তর।
- ৪) অফিস কপি/মাষ্টার কপি।

২২

৩০/১০/০৮ - ৬২২